

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৭৩

২/ সালাত (নামায) (১লান্ট)

পরিচ্ছেদঃ কেউ যদি নফল সালাত বসে আদায় করে।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يَتَطَوَّعُ جَالِسًا

## আরবী

حَدَّثَنَا الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنسٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنِ السَّائِبِ بْنِ يَزِيدَ، عَنِ الْمُطَّلِبِ بْنِ أَبِي وَدَاعَةَ السَّهْمِيِّ، عَنْ حَفْصَةَ، زَوْجِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهَا قَالَتْ مَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم صَلَّى فِي سُبْحَتِهِ قَاعِدًا وَيَقْرَأُ حَتَّى كَانَ قَبْلَ وَفَاتِهِ صلى الله عليه وسلم بِعَامٍ فَإِنَّهُ كَانَ يُصَلِّي فِي سُبْحَتِهِ قَاعِدًا وَيَقْرَأُ مِثَى كَانَ قَبْلَ وَفَاتِهِ صلى الله عليه وسلم بِعَامٍ فَإِنَّهُ كَانَ يُصَلِّي فِي سُبْحَتِهِ قَاعِدًا وَيَقْرَأُ مِلْاللهُ وَيُ وَيُرَتِلُهَا حَتَّى تَكُونَ أَطُولَ مِنْ أَطُولَ مِنْهَا . وَفِي الْبَابِ عَنْ أُمِّ سَلَمَةَ وَأَنسِ بْنِ مِلَاللهُ وَيُولَ أَبُو عِيسَى حَدِيثُ حَفْثَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويِيَ عَنِ النَّبِيِّ صلى مَالِكُ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ حَفْصَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويِيَ عَنِ النَّبِيِّ صلى مَالِكُ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ حَفْصَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويِيَ عَنِ النَّبِيِّ صلى مَالِكُ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ مِنَ اللَّيْلِ جَالِسًا فَإِذَا بَقِيَ مِنْ قِرَاءَتِهِ قَدْرُ ثُلاَثِينَ أَوْ وَلَى النَّيْلِ جَالِسًا فَإِذَا بَقِيَ مِنْ قِرَاءَتِهِ قَدْرُ ثَلاَثِينَ أَوْ لَهُ كَانَ يُصِلَى قَامُ فَقَرَأَ ثُمَّ رَكَعَ ثُمَّ مَنْ إِلَيْكِ وَسَجَدَ الثَّانِيَةِ مِثْلُ ذَلِكَ . وَرُويَ عَنْهُ أَنَّهُ كَانَ يُصِلِي قَاعِدً لَقَالَ أَحْمَدُ وَإِسْحَاقُ وَالْعَمَلُ عَلَى كِلاَ الْحَدِيثَيْنِ . كَأَنَّهُمَا رَأَيَا كِلاَ الْحَدِيثَيْنِ وَمُولَ قَاعِدٌ . قَالَ أَحْمَدُ وَإِسْحَاقُ وَالْعَمَلُ عَلَى كِلاَ الْحَدِيثَيْنِ . كَأَنَّهُمَا رَأَيَا كِلاَ الْحَدِيثَيْنِ مِنَ المَعْمُولاً بِهِمَا .

## বাংলা

৩৭৩. আল-আনসারী (রহঃ) ...... উম্মুল মুমিনীন হাফসা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইন্তেকালের এক বৎসর পূর্ব পর্যন্ত নফল সালাত বসে আদায় করতে আমি তাঁকে দেখিনি। তারপর থেকে তিনি (মাঝে মাঝে) নফল সালাত বসে আদায় করতেন। সূরা পড়তেন স্পষ্ট করে এবং ধীরে ধীরে। আর তাঁর কিরাআত হতো দীর্ঘ থেকে দীর্ঘতর। - সিফাতুস সালাত ৬০, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৭৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উম্মু সালামা এবং আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ



ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ হাফসা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে নফল সালাত বসে পড়তেন। কিন্তু ত্রিশ বা চল্লিশ আয়াত পরিমাণ কিরাআত বাকী থাকতেই দাঁড়িয়ে যেতেন এবং তা পড়ে রুকু করতেন। অতঃপর দ্বিতীয় রাকআতেও তদ্ধ্রপ করতেন। আরো বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনেক সময় বসে বসে (নফল) সালাত আদায় করতেন। তিনি যদি দাঁড়িয়ে কিরাআত পাঠ করতেন তবে রুকু-সিজদা সে অনুসারেই আদায় করতেন। আর বসে কিরাআত করলে সে অনুসারেই রুকু-সিজদা করতেন। ইমাম আহমদ ও ইসহাক বলেনঃ উভয় হাদীস অনুসারেই আমল করা যাবে। তাঁরা উভয় হাদীসকেই সহীহ এবং আমলযোগ্য বলে মনে করেন।

## **English**

Hafsah, the wife of the Prophet (S), narrated:

"I did not see Allah's Messenger (S) praying voluntary prayers sitting until the year before he died. Then he would perform Salat for the voluntary prayers sitting, and he would recite a Surah and prolong it such that it would be longer than the longest of them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হাফসাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন